



প্রতিদিন অন্ততঃ একবার বাকাশিবোর
ওয়েবসাইট ভিজিট করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (বিএম শাখা)
Website: www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৫৫.২১-৩৪১

তারিখ : ১১-০৮-২০২১ খ্রি.

পুনঃবিজ্ঞপ্তি

বিষয় : তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC, PC) নম্বর অনলাইনে প্রেরণ ও হার্ডকপি দাখিল প্রসঙ্গে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের অধীন পরিচালিত যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ২০২১ সনে অনুষ্ঠিত এইচএসসি (বিএম), এইচএসসি (ভোক) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের অনলাইনে TC, PC নম্বর প্রেরণ করতে ব্যর্থ হয়েছেন সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে আগামী ১২-০৮-২০২১ খ্রি. হতে ১৬-০৮-২০২১ খ্রি. তারিখের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.bteb.gov.bd এর অনলাইনে এইচএসসি (বিএম), এইচএসসি (ডিপ্লোমা-ইন-কমার্স), এইচএসসি (ভোকেশনাল) মিসিং লিংক এর মাধ্যমে অনলাইনে TC, PC নম্বর প্রেরণ করা যাবে এবং তার হার্ডকপি ১৭-০৮-২০২১ খ্রি. তারিখ হতে প্রিন্ট করতে পারবে। উক্ত প্রতিষ্ঠানের TC, PC এর হার্ড কপি কেন্দ্র সচিবের নিকট প্রদান করবেন। কেন্দ্রের আওতাধীন সকল প্রতিষ্ঠানের TC, PC নম্বর কেন্দ্র সচিব পরীক্ষার মালামাল ও প্রবেশপত্র গ্রহণের সময় বোর্ডের ১০ তলায় বিএম শাখায় জমা দিবেন।

উল্লেখ্য কোন পরীক্ষার্থীর TC, PC -এর নম্বর নির্ধারিত সময়ে Online -এ প্রেরণ করা না হলে অথবা যেকোন ধরনের ভুলের কারণে অকৃতকার্য মার্কস এন্ট্রি হলে অথবা TC, PC তে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই ঐ পরীক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না।

এতদসংক্রান্ত তথ্যাদি বোর্ডের ওয়েবসাইট www.bteb.gov.bd-তে পাওয়া যাবে এবং TC, PC মার্কস প্রেরণ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮ নম্বরগুলোতে যোগাযোগ করা যাবে।



(প্রকৌঃ মোঃ আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ফোনঃ ০২-২২০০৬৫২৫

তারিখ : ১১-০৮-২০২১ খ্রি.

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৫৫.২১-৩৪১(১১)

অত্র বিজ্ঞপ্তির প্রতিলিপি অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরণ করা হল :-

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম,ভোক)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-সনদ/গোপনীয়/ভোকেশনাল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল)।
৭. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সংশ্লিষ্ট নথি।


(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ফোন-৫৫০০৬৫২৯